



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন : ০২৫৮৮৮-৪৪৯৮১

তারিখ: ২৫.০১.২০২৫

প্রেস রিলিজ

“অন্যায় করার আগে যাতে তোমাদের হাত কাপে”: পাবিপ্রবি কোষাধ্যক্ষ

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের নবীনবরণ ও বিদায় অনুষ্ঠানে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান শিক্ষার্থীদের উদ্দেশে এ কথা বলেন। সিএসই বিভাগের ১৬তম ব্যাচের নবীনবরণ ও ১১তম ব্যাচের বিদায় অনুষ্ঠান আজ শনিবার (২৫ জানুয়ারি) সন্ধ্যায় বন্দে আলী মিয়া মুক্তমঞ্চে অনুষ্ঠিত হয়।

এতে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান এবং প্রকৌশল ও প্রযুক্তি অনুষদের ডিন অধ্যাপক ড. শেখ রাসেল আল আহমেদ। সভাপতিত্ব করেন বিভাগের চেয়ারম্যান ড. মো. আব্দুর রহিম।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, “তোমাদের মানবিক হওয়া এবং বাস্তবতাকে মেনে নিয়ে কাজ করতে হবে। আনন্দের সাথে পড়াশোনায় আরও বেশি মনোযোগী হওয়া, বিশ্বমানের প্রকৌশলী হয়ে দেশের সেবা, দেশকে ভালো কিছু দেওয়া এবং স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে কাজ করতে হবে। টেকনোলজি ব্যাজড সমাজ গড়ে তুলতে হলে স্কিল ডেভেলপ করতে হবে। কর্মক্ষেত্রে শতভাগ সৎ থেকে কাজ করে যেতে হবে। এমনভাবে নিজেকে গড়ে তুলবে, যাতে কোনো অন্যায় করার আগে তোমাদের হাত কাপে। তোমরা উচ্চশিক্ষা গ্রহণ করছো এদেশের কৃষক, শ্রমিক ও সাধারণ জনগণের টাকায়, সেটা মাথায় রেখে নিজেকে তৈরি করা এবং দেশের মানুষের জন্য হৃদয় থেকে কাজ করে যেতে হবে।”

বিভাগের সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন। সন্ধ্যায় শুরু হয়ে রাতে সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে শেষ হয়।

২৫.০১.২৫

(মো. বাবুল হোসেন)

সহকারী পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।